

নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা

ই মেইল : Press @dhaka.net
ওয়েব সাইট : www.ecs.gov.bd

ফোন : ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭
ফ্যাক্স : ৯১২৯৭৭৩


নং-নিকস/জঃসঃ/প্রেস রিলিজ/২০০৫/৩৪২৭

তারিখ : ১২ জুন ২০০৬

সংবাদ বিজ্ঞপ্তি

ভোটার তালিকা সংক্রান্ত কার্যক্রম গ্রহণ উপলক্ষে অদ্য ১২ জুন ২০০৬ তারিখ সোমবার কমিশনের সভা অনুষ্ঠিত হয়। সভায় মাননীয় সুপ্রীম কোর্টের আপীল বিভাগের রায় ও নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণের জন্য মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদানের ব্যবস্থা করা হয়েছে :

- (১) বিদ্যমান ভোটার তালিকা অর্থাৎ ২০০০ সনে প্রণীত ভোটার তালিকা বহাল রেখে সংশ্লিষ্ট আইন ও বিধি অনুযায়ী অন্তর্ভুক্ত, কর্তন ও সংশোধন সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করতে হবে। বিশেষ করে ২০০০ সনে যাদের বয়স ১৮ বছর পূর্ণ হয়নি তবে বর্তমানে পূর্ণ হয়েছে অথবা অন্য কোনভাবে সংশ্লিষ্ট ভোটার এলাকায় ভোটারযোগ্য হয়েছে তাদের নাম উক্ত এলাকার ভোটার তালিকায় অন্তর্ভুক্তির ব্যবস্থা করা হবে। তাছাড়া সংশ্লিষ্ট ভোটার এলাকায় অন্তর্ভুক্তির অযোগ্য ব্যক্তির নাম ও তথ্যাদি তালিকা থেকে কর্তনের এবং ভুল তথ্য সংশোধনের ব্যবস্থা করা হবে। এ লক্ষ্যে ভোটার তালিকা অধ্যাদেশ, ১৯৮২ এর ধারা ১০ এবং ভোটার তালিকা বিধিমালা, ১৯৮২ এর বিধি ২০ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (২) মৃত্যুজনিত কারণে বা অপ্রকৃতিস্থ হওয়ার কারণে বা বাসস্থান পরিবর্তনের কারণে অথবা অন্য কোন কারণে বিদ্যমান ভোটার তালিকা হতে যে সকল নাম কর্তনযোগ্য হয়েছে তাদের নাম ও তথ্যাদি কর্তনের জন্য এবং ভোটার তালিকায় প্রয়োজনীয় সংশোধনের জন্য মাননীয় আপীল বিভাগের আদেশ অনুসারে ভোটার তালিকা বিধিমালা, ১৯৮২ এর বিধি ২০(৩) ও ২০(৪) অনুযায়ী পদ্ধতিগতভাবে ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (৩) বিদ্যমান ভোটার তালিকায় অন্তর্ভুক্তি, কর্তন ও সংশোধন সংক্রান্ত বিভিন্ন ফরম (ফরম-২, ৭, ৮, ও ৯) সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন অফিসার (জেলা নির্বাচন অফিসার) অথবা সহকারী রেজিস্ট্রেশন অফিসার (উপজেলা/থানা পর্যায়ে) বিভিন্ন কর্মকর্তা) এর অফিসে পাওয়া যাবে এবং আবেদন ও পূরণকৃত ফরম উল্লেখিত অফিসসমূহে গ্রহণের ব্যবস্থা করতে হবে।
- (৪) প্রয়োজনবোধে ভোটার তালিকা প্রণয়ন উপলক্ষে ইতোপূর্বে পূরণকৃত ২নং ফরম (তথ্য ফরম) বিদ্যমান ভোটার তালিকা সংযোজন/বিয়োজন/সংশোধন সংক্রান্ত কার্যক্রমে ব্যবহার করা যেতে পারে।
- (৫) অস্তিত্বহীন, ভূয়া ভোটার অন্তর্ভুক্তি রোধকল্পে বিশেষ করে একজন ভোটার একাধিক স্থানে তালিকাভুক্তির প্রবণতা রোধের জন্য এ সংক্রান্ত আইনের বিধান সকলকে অবহিত করে ব্যাপক প্রচার করা হবে। একাধিক এলাকায় ভোটার তালিকাভুক্ত হলে অথবা আবেদন করলে বা মিথ্যা তথ্য প্রদান করলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (৬) বিদ্যমান ভোটার তালিকায় প্রয়োজনীয় অন্তর্ভুক্তি, কর্তন ও সংশোধনের পর সে আলোকে জেলা ভিত্তিক ভোটার তালিকার সফট কপি/সিডি সংশোধন/পরিমার্জনের ব্যবস্থা করা হবে।
- (৭) ভোটার তালিকায় অন্তর্ভুক্তি, কর্তন ও সংশোধন সংক্রান্ত উল্লিখিত কার্যক্রম ০১ জুলাই ২০০৬ তারিখ হতে শুরু করে ৩১ জুলাই ২০০৬ তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য মাঠ পর্যায়ে নির্দেশনা দেয়া হচ্ছে। সম্পূর্ণ ভোটার তালিকা মুদ্রণ ও ভোটার তালিকার সফট কপি সংশোধন/পরিমার্জনের জন্য বিস্তারিত নির্দেশনা সত্বর দেয়া হবে।

 ১২.৬.০৬

(এস এম আসাদুজ্জামান)
জনসংযোগ কর্মকর্তা (সিসি)
ফোন : ৮১১৪১৭৬